# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখনই উত্তাপ প্রকট হবে, তখনই যোহরের সালাত বেশি করে বিলম্ব করবে এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْحَرَّ كُلَّمَا اشْتَدَّ يَجِبُ أَنْ يُبْرَدَ بِالظُّهْرِ أَكْثَرَ

আরবী

1507 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: حَدَّثَنِي أَبُو الْحَسَنِ قَالَ: سَمِعْتُ زَيْدَ بْنَ وَهْبٍ يَقُولُ: إِنَّهُ سَمِعَ أَبَا ذَرٍّ يَقُولُ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَأَرَادَ الْمُؤَذِّنُ أَنْ يُؤَذِّنَ بِالظُّهْرِ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَبْرِدْ) ثُمَّ أَرَادَ أَنْ يؤذِّن فقال لَهُ: (أَبْرِدْ) مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا حَتَّى رَأَيْنَا فَيْءَ التُّلول وَقَالَ: (إِنَّ شِدَّةَ الْحَرِّ مِنْ فَيْحِ جَهَنَّمَ فَإِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا بِالصَّلَاةِ)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1507 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (430)

قال أبو حاتم: أَبُو الْحَسَنِ عُبَيْدُ بْنُ الْحَسَنِ مُهَاجِرٌ كُوفِيٌّ.

বাংলা

১৫০৭.আবূ যার আল গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমরা এক সফরে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম, তখন মুয়াযযিন আযান দিতে উদ্যত হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “শীতল করো (বিলম্ব করো)।” (কিছুক্ষন পর) মুয়াযযিন আবার আযান দিতে উদ্যত হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “শীতল করো (বিলম্ব করো)।” রাবী বলেন, “এভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুইবার/তিনবার বলেন। এমনকি আমরা টিলার ছায়া দেখতে পেলাম। তারপর তিনি বলেন, “নিশ্চয়ই এই উত্তাপ জাহান্নামের শ্বাস থেকে আসে। কাজেই যখন প্রচন্ড উত্তাপ হবে তখন তোমরা (এই সময়ে যোহরের) সালাতকে শীতল করে (বিলম্বে) আদায় করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবুল হাসান উবাইদ বিন হাসান মুহাজির ও কুফার অধিবাসী ছিলেন।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩২৫৮; আবূ দাঊদ: ৪০১; সুনান বাইহাকী: ১/৪৩৮; আত তায়ালিসী: ৪৪৫; তিরমিযী: ১৫৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২৪; মুসনাদ আহমাদ: ৫/১৫৫; সহীহ মুসলিম: ৬১৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১৮৬; বাগাবী: ৩৬৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৩২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90822

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন